



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ ৬/৪৩১১/৩২৩

তারিখ : ০১-০৩-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : (ক) প্রধান শিক্ষকের ৩০-১১-২০২২ খ্রি. তারিখের অনলাইনে আবেদন (আইডি নং-১৯৫৬০)।  
(খ) রিট পিটিশন নং ২১৭৫/২০২১ ও ৮৯৮৫/২০২১ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলাধীন ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়-এর এডহক কমিটি গঠনকে কেন্দ্র করে জনাব মোঃ রুস্তম আলী শাহ্ ফকির মহামান্য হাইকোর্টে ২১৭৫/২০২১ ও ৮৯৮৫/২০২১ নং রিট পিটিশন দায়ের করেন। মহামান্য আদালত ২১৭৫/২০২১ নং রিট পিটিশন গত ২৩/০৯/২০২১ খ্রি. তারিখে শুনানীঅন্তে রুল ডিজচার্জ এর আদেশ প্রদান করেন এবং স্থগিত আদেশ প্রত্যাহার করেন। অপরদিকে ৮৯৮৫/২০২১ নং রিট পিটিশন গত ২৪/১১/২০২২ খ্রি. তারিখে শুনানীঅন্তে আইন ও বিধি অনুযায়ী এডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য নির্দেশ প্রদান করেন এবং স্থগিত আদেশ প্রত্যাহারপূর্বক ৮৯৮৫/২০২১ নং রিট পিটিশন নিষ্পত্তির আদেশ প্রদান করেন। এমতাবস্থায়, ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের ক্ষেত্রে আর কোন মামলা মোকদ্দমা না থাকায় বর্ণিত বিদ্যালয়ের পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রধিধানমালা-২০০৯ এর প্রধিধান-৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক

ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয় (১১৫০৫৬)

ডাকঘর : ফকিরবাড়ী, উপজেলা : মোড়েলগঞ্জ, জেলা : বাগেরহাট

তারিখ : ০১-০৩-২০২৩ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৪৩১১/৩২৩(১-৫)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোড়েলগঞ্জ, বাগেরহাট।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর